# আর-রাহমান | Ar-Rahman | ٱلرَّحْمَٰن

আয়াতঃ ৫৫ : ৭০

## আরবি মূল আয়াত:

فِيهِنَّ خَيۡرَٰتٌ حِسَانٌ ﴿٧٠﴾

## অনুবাদসমূহ:

সেই জান্নাতসমূহে থাকবে উত্তম চরিত্রবতী অনিন্দ্য সুন্দরীগণ। — আল-বায়ান

তাতে আছে উত্তম স্বভাব চরিত্রের সুন্দরী (কুমারী)রা। — তাইসিরুল

সেই সকলের মাঝে রয়েছে সুশীলা, সুন্দরীগণ। — মুজিবুর রহমান

In them are good and beautiful women - — Sahih International

৭০. সে উদ্যানসমূহের মাঝে রয়েছে চরিত্রবর্তী, অনিন্দ্য সুন্দরীগণ।(১)

(১) خَيْرَاتٌএর অর্থ চারিত্রিক দিক দিয়ে সুশীলা এবং حِسَانٌএর অর্থ দেহাবয়বের দিক দিয়ে সুন্দরী। উভয় উদ্যানের নারীগণ সমভাবে এই বিশেষণে বিশেষিত হবে। [ইবন কাসীর; কুরতুবী; ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

(৭০) সে সকলের মাঝে রয়েছে উত্তম চরিত্রের সুন্দরীগণ। [1]

[1] خَيْرَاتٌথেকে উদ্দিষ্ট, চারিত্রিক ও আচার-আচরণের উৎকৃষ্টতা। আর حِسَانٌএর অর্থ, রূপ-লাবণ্যের অপূর্বতা।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4971

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন